গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(রাজস্ব শাখা)
www.jamalpur.gov.bd

স্মারক নং- ৩১.৪৫.৩৯০০.০১৩.১২.৯৩.১৮-৮৬৭ তারিখঃ ৩০/১০/২০২২ খ্রিঃ

## উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য ভূমি মন্ত্রণালয়ে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একরের উর্ধ্বের (বদ্ধ) নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এর আলোকে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩০-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লেখিত শর্তাধীনে আবেদন আহবান করা যাচ্ছে।

### সময়সূচি:

| ক্র: নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ১ | অনলাইনে আবেদন দাখিল | ৩০ অগ্রহায়ণের ১৪২৯ বঙ্গাব্দ মধ্যে (১৫ ডিসেম্বর, ২০২২ খ্রি.) |
| ২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র ক্রয়ের রশিদ ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল।<br>(রাজস্ব শাখা, কক্ষ নং-১০৭, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর) | ০১ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ থেকে পরবর্তী (০৩) (তিন) কার্যদিবসের মধ্যে জমা (১৮-২০ ডিসেম্বর, ২০২২ খ্রি.)।<br><br>(অফিস চলাকালীন সময়ে) |

০২। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর ১৪২৯ বঙ্গাব্দের ৩০ অগ্রহায়ণ তারিখ পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এছাড়া, উন্নয়ন প্রকল্পের আওতায় জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি www.jamalpur.gov.bd ওয়েবসাইটে, অফিস চলাকালীন সময়ে রাজস্ব শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

### উন্নয়ন প্রকল্পে আওতায় ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর) | প্রস্তাবিত ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | জামালপুর সদর | আড়ালিয়া বিল | ৩০.৩১০০ | ২৭,২৭৮/- | ১৪৩০-১৪৩৫ | কোন জলমহালের বিষয়ে আদালত কর্তৃক নিষধাজ্ঞা/ভিন্ন কোন সিদ্ধান্ত বা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোন সিদ্ধান্ত থাকলে জলমহালটি তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২। | | নালিখালি বিল | ২৭.৩৭০০ | ২০,৯০২/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৩। | | রুহ বিল | ৭২.২৪০০ | ৩৪,৮৩৭/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৪। | | ডোবাইল বিল | ৪০.০০০ | ২৭,৮৬৯/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৫। | | মরা ডোবাইল বিল | ৩০.৪৭০০ | ২০,৯০২/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৬। | | ভূগলি বিল | ৩৩.০০০০ | ২০,৯০২/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৭। | | সিঙ্গার বিল | ২১.৫৯০০ | ১৬,৭২১/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৮। | | **ঘাকুড়া বিল** | ৪২.১৭০০ | ১৭,৯৬০/- | ১৪৩০-১৪৩৫ | |
| ৯। | | বড় বিল | ২৩.৯১০০ | ২৭,৮৬৯/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১০। | | **দুবলি বিল** | ২১.৬১০০ | ৫৫,৬২৫/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১১। | মেলান্দহ | **রৌমারী বিল** | ৪৯.২৮০০ | ২৮,০০৫/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১২। | | **গোদাডাঙ্গা বিল** | ২৭.৬৫০০ | ৪,২৬,৫৬৩/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৩। | | **মাদারদহ সাবারিয়া বিল** | ১১৮.৮৪০০ | ২,১৭,৮৭৫/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৪। | মাদারগঞ্জ | চিড়াভিজা বিল | ৪৫.৬৯০০ | ৩৯,০৬৫/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৫। | ইসলামপুর | পঁচাবহলা বিল | ৩০.৭৮০০ | ২০,০১৬/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৬। | | বৈশাকুড়া বাঁকা বিল | ২০.৪৯০০ | ১০,৬৯৫/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৭। | | বলিয়াদহ ঢেংগারগড় বিল | ৩৬.৭৫০০ | ৩৯,৮৭৪/- | ১৪৩০-১৪৩৫ | |
| ১৮। | দেওয়ানগঞ্জ | তিন খোবা বিল | ২৪.২৩০০ | ৩৮,৭৬০/- | ১৪৩০-১৪৩৫ | |

শর্তাবলী ঃ

১ আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোনো অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোনো প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

২ উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ে নির্ধারিত ওয়েবসাইটে (jm.lams.gov.bd) ১৪২৯ বঙ্গাব্দের ৩০ অগ্রহায়ণের মধ্যে আবশ্যিকভাবে অনলাইনে আবেদন দাখিল করে দাখিলকৃত কাগজপত্রের হার্ডকপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে ৩ পৌষ বা পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, জামালপুর-এর কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না। ডাকযোগেও নির্ধারিত সময়ের পর কোনো আবেদন পাওয়া গেলে খাম না খুলে প্রাপকের ঠিকানায় ফেরত প্রেরণ করা হবে।

৩ জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.jamalpur.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

৪ অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৫ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬ উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) দাখিল করতে হবে।

৭ প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন)-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮ নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

৯ মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১০ আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১১ সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১২ সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে।

১৩ সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে দাখিল করতে হবে।

১৪ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৫ বিগত ০৩(তিন) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোনো কাগজপত্র দাখিল করতে হবে । তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৬ সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৭ সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন'; ডানপার্শ্বে জেলা প্রশাসক, জামালপুর' ও বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

১৮ আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% (শতকরা হারে) জামানত জেলা প্রশাসক, জামালপুর-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।

১৯ জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোনো অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২০ সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

২১ ইজারাপ্রাপ্ত সমিতিকে ২য় বছর হতে ৫ম বছর পর্যন্ত প্রতি বছরের ইজারা মূল্যের সাথে অতিরিক্ত ২০% অর্থ বিডি/পে-অর্ডার আকারে (মূল কপি) জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে দাখিল করতে হবে।

২২ ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য ও অন্যান্য করাদি একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

২৩ ১ম বছরের ইজারা মূল্যই ২য়, ৩য়, ও ৪র্থ বছরের ইজারা মূল্য হিসেবে বিবেচিত হবে এবং ৫ম ও ৬ষ্ঠ বছরে উক্ত ইজারা মূল্যের সাথে আরো ২৫% বর্ধিত করে ইজারা মূল্য নির্ধারিত হবে এবং সে মোতাবেক পরিশোধ করতে হবে।

২৪ ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারী নির্ধারিত ফরমে ৩০০/- টাকার মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় তাকে তিন কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

২৫ সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/ নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

২৬ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/১০/২০২২

(শ্রাবস্তী রায়)
জেলা প্রশাসক
জামালপুর
ফোন নং ০২৯৯৭৭৭২১৭২
ইমেইল- dcjamalpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪৫.৩৯০০.০১৩.১২.০০৩.০৯- ৮৬৭ তারিখঃ- ৬০/১০/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। মাননীয় ভূমি মন্ত্রী, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। যুগ্ম সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্ম সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ সচিব (প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।

৪। পুলিশ সুপার, জামালপুর।
৫। মেয়র, জামালপুর পৌরসভা/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
৬। উপজেলা নির্বাহী অফিসার,--------------------------------------------------(সকল), জামালপুর।
৭। জেলা মৎস্য কর্মকর্তা/ জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর।
৮। সহকারী কমিশনার (ভূমি),--------------------------------------------------(সকল), জামালপুর।
৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা। বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধসহ।
১০। উপজেলা মৎস্য কর্মকর্তা-----------------------------------------------(সকল), জামালপুর।
১১। নোটিশ বোর্ড।

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
জামালপুর
ফোন নং ০৯৮১-৬৩৪৫৬
ই-মেইল:adcrevenuejamalpur@gmail.com